JAN. 03 2002

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ৪ ...

# শিবিরের ঢাকা মহানগরী ঢাঃবিঃ ও বুয়েট শাখার নির্বাচন সম্পন্ন

**স্টাফ রিপোর্টার ঃ** ইসলামী ছাত্রশিবিরের ঢাকা মহানগরী উত্তর ও দক্ষিণ, ঢাকা বিশ্ববিদ্যালয় ও বুয়েট শাখার নতুন কমিটি গঠিত হয়েছে। ২০০২ সেশনের জন্য ঢাকা মহানগরী উত্তর শাখার সভাপতি নির্বাচিত হন মোঃ আমিনুল ইসলাম। সাধারণ সম্পাদক ও সাংগঠনিক সম্পাদক মনোনীত হন যথাক্রমে মুজাহিদুল ইসলাম শাহীন ও তাওহীদ আল বেরুনী। মহানগরী দক্ষিণ শাখার সভাপতি নির্বাচিত হন আবু সাঈদ মোঃ ফারুক। সাধারণ সম্পাদক ও সাংগঠনিক সম্পাদক মনোনীত হয়েছেন যথাক্রমে আজিজুর রহমান ও মোস্তাফিজুর রহমান। ২০০২ সালের জন্য শিবিরের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি নির্বাচিত হয়েছেন মোঃ জাহিদুর রহমান। সাধারণ সম্পাদক ও সাংগঠনিক সম্পাদক মনোনীত হয়েছেন যথাক্রমে মুনীরুজ্জামান ভূঁইয়া ও মিয়া মুহাম্মদ তরুণ। নতুন সেশনের জন্য শিবিরের বুয়েট শাখার সভাপতি নির্বাচিত হয়েছেন হাবিবুর রহমান সুমন ও সাধারণ সম্পাদক মনোনীত হন সাজ্জাদ হোসেন। শাখাসমূহের সদস্যদের পৃথক পৃথক সভায় এ কমিটি গঠন করা হয়। নির্বাচন পরিচালনা করেন শিবির সভাপতি নূরুল ইসলাম বুলবুল। তিনি বলেন, জ্ঞানার্জন, চরিত্র গঠন ও সমাজ বিপ্লবের হাতিয়ার হিসেবে গড়ে ওঠে শিবির নেতা-কর্মীদের ইসলামের শ্রেষ্ঠত্ব ও সৌন্দর্য প্রমাণ করতে হবে। সভাগুলোতে উপস্থিত ছিলেন শিবিরের সেক্রেটারী জেনারেল মুজিবুর রহমান মঞ্জু, সাবেক সেক্রেটারী নজরুল ইসলাম, শিবির নেতা লুৎফুর রহমান, এমাজউদ্দীন মণ্ডল, এফ কে এম শাহজাহান প্রমুখ।

## বুয়েট ভিসির সাথে সাক্ষাৎ

নববর্ষ উপলক্ষে শিবিরের বুয়েট শাখার সভাপতি হাবিবুর রহমান সুমনের নেতৃত্বে একটি টিম বুয়েটের ভিসি প্রফেসর ডঃ নূরুদ্দীন আহমদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। এছাড়া বুয়েট ছাত্র সংসদের ভিপি গোলাম মোর্শেদ লায়ন, জি এস হাসিব মোস্তাবসিরের সাথেও শিবির নেতৃবৃন্দ সৌজন্য সাক্ষাৎ করেন।